সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থসাধিকে
শরণ্যে ত্র্যম্বকে গৌরি নারায়ণী নমোহস্তু তে॥



www.krishti.ca

DURGA PUJA 2023

Sports Plus Physiotherapy

Serving you at 4 clinics

Millwoods Sports Plus: 780-466-9900 | 210, 2603 Hewes Way, near Millwoods Library
Millbourne Sports Plus: 780-469-3540 | 158 Millbourne Market Mall, inside the mall
WalkerLakes Sports Plus: 780-466-9902 | 66th Street & Ellerslie Rd.
Windermere Massage & Sports Physio: 780-760-3456 | 205, 6055 Andrews Way **NOW OPEN!!**

WE OFFER:

- ✓ Auto accident Injury program
- ✓ Work-related (WCB) Injury Rehab
- ✓ Acute & Chronic Orthopedic and Sports Injury Rehab
- ✓ Footmaxx computerized Orthotics
- ✓ Rehabilitation after surgery or fracture
- ✓ Treatment for joint pain, back and neck pain, muscle strains or ligament sprains, sciatica, carpal tunnel, plantar fasciitis, nerve entrapments

WE PROVIDE:

- ✓ Application of various modalities including IMS
- ✓ Manual therapy to reduce pain and stiffness
- ✓ Mobility and flexibility improvement
- ✓ Strengthening and therapeutic exercise programs; general conditioning regimes
- ✓ Education on prevention, pain management, women's health issues
- ✓ Gait and balance retraining

NO DOCTOR REFERRAL IS REQUIRED; SAME DAY OR NEXT DAY APPOINTMENTS AVAILABLE

MASSAGE THERAPY CAN BE USED IN ADDITION TO OR INDEPENDENTLY OF PHYSIOTHERAPY!

Physiotherapy **Massage**

www.millwoodsphysicaltherapy.com

SREEPATI DEY,
BScPT MSOM, MCISc FCAMPT,
CEO of Sports Plus Physiotherapy
along with the staff of all four Clinics
wish you and your community
a very pleasant and happy Durga Puja.

ENJOY the Festivities!

Leaders in physiotherapy,
sports injuries
and chronic pain management

KRISHTI
Bengali Cultural Society of Edmonton
Corporate Access No. 5020433156

15848 -13 Ave SW
Edmonton, AB T6W 2N5
www.krishti.ca
e-mail: info@krishti.ca
phone : 780-964-9146

…Editorial…

শরতকালের নীল আকাশে সাদা মেঘের আনাগোনা।
'কৃষ্টি' ক্লাবের দুর্গাপূজোর ঢাকের বাদ্যি যায় যে শোনা ।।
কাশফুল বন দোলায় মাথা, শিউলির গন্ধে মাতোয়ারা।
মায়ের পূজোয় মাতবে এবার 'কৃষ্টি' ক্লাবের বাঙ্গালীরা ।।

This is the time of the year again when the Bengalis from each & every corner of the world gets thrilled to celebrate their biggest festival '**Durga Puja**'. Everybody patiently waits for this event. We firmly believe that the hard work and efforts of our members is making '**Krishti - Bengali Cultural Society of Edmonton**' a great platform for social gathering and an association that is near and dear to everyone's heart. The current Executive Committee along with other sub-committees would like to take this opportunity to express its sincere thanks and appreciations by acknowledging the help and assistance as well as the sponsorship & donation it has been receiving from many individuals and various business organizations towards the successful celebration of the community events, particularly '**Durga Puja**'. Without the generous support and participation of the members, the celebration of our cultural traditions would not be possible.

Since it would be impossible to acknowledge and express thanks to each individual in this editorial section, it is needless to say without you, we are none. We also feel for the members who have recently lost their near and dear ones. We always keep them in our prayers and thoughts.

Let's enjoy '**Durga Puja**' with friends and families. Let's create an open and sharing atmosphere so that we build a better future for our upcoming generation.

2023-2024 Executive Committee
'**Krishti**'…where culture begins
October 20, 2023

Current Executive Committee Members

President: Malay Samanta ∞ **Vice President:** Samrat Dutta ∞ **General Secretary:** Anjan Sen ∞ **Treasurer:** Subrata Das
Cultural Secretary: Sneegdha Laha ∞ **Event Coordinator:** Sanjay Upadhyay ∞ **Sports & Youth Coordinator:** Santa Saha
Ex-Officio: Samarendra Maiti

Contents

Features

05 মেয়েটা তো রক্ষা পেল, আমি তথৈবচ ..... অশোকেন্দু সেনগুপ্ত
06 দশ-ভূজা বন্দনা .....মানবর্দ্ধন পাল
08 ভাঙ্গা পথের রাঙা ধূলায় ..... ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়
26 হাতের একটা সুতো .....বীথি চট্টোপাধ্যায়
13 Drawings.....Avaani, Adwika, Arinjay
14 Drawings.....Mita, Oishiki, Ishan, Renisa
33 – 37 Wall of Contributors.....
38 – 41 Members' List.....

DISCLAIMER:

Every precaution has been taken to prevent errors or omissions and, therefore, no liability will be assumed by '*Krishti Bengali Cultural Society of Edmonton*' alias '*Krishti*' for damages caused to anybody by such errors or omissions in the preparation and printing of this 'Durga Puja 2023' magazine. '*Krishti*' is not responsible for inaccuracy or incompleteness of any information and will not take part in any controversy arising as a result of the articles, advertisements, drawings-paintings, membership details, pictures of contributors or any other items published in 'Durga Puja 2023' magazine. Also, all the contents of the advertisements are the full responsibility of the concerned businesses. '*Krishti*' does not bear any responsibility whatsoever for validity or correctness of any of the advertised materials.

মেয়েটাতো রক্ষা পেল, আমি তথৈবচ

- অশোকেন্দু সেনগুপ্ত।

তাকে নিয়ে গল্প লেখার কথা। তার কথা বলতেই কলম ধরা।
নাম তার ধরা যাক মৌসুমী। আমি তাকে গোড়ায় বৌদি বললেও পরে আদর করে ডাকতাম মধু বলে। মধু ওর ডাক নাম।

পারছি না। তাকে নিয়ে কিছু লিখতেই পারছি না। অথচ কত কথা জমে আছে তাকে ঘিরে। সব সত্যি ঘটনা। তাই হোক, গল্প নয় সত্য কিছু বিবৃত করি।
দুজনে বেড়াতে বেড়াতে কখন এসে পড়েছে এসপ্ল্যানেড খেয়াল করিনি। তাকে বললাম, এসেইছি যখন এতো কাছে তখন নয় দেখে যাই সিনেমাটা। সবাই বলছে ভালো।
মধু বলল, ভালো না কচু। শাহরুখ খান আছে তো, দেখেছি। তার চেয়ে চলো আমরা দুজনে অন্য কোথাও বসি।
- কোথায়?
এই শহরে বসার জায়গার অভাব?
সত্যিই বসার জায়গার অভাব নেই এখানে। তবু ভয় কেউ যদি দেখে ফেলে?
গোড়া থেকেই সেই ভয় যেন ঘিরে রেখেছে আমাকে।
- তোমার ভয় করে না?
কেবল চোখের পাতা কিছু বড় করে ফেলে। তাতে বুঝলাম ভয় তার নেই। তাতে যে আমার ভয় কাটে না। আগেও বহুবার এই জন্য মধুর ধমক খেয়েছি তবু যেন আমার ভয় যায় না। আর কি অদ্‌ভুত, কথা বলতে বলতেই চেনা
একজনের সাথে দেখা। যেন, যেখানে বাঘের ভয়, সেখানেই সন্ধ্যা হয়।
ছবি সাউ। - ছবিদা, তুমি এখানে?
- কেন রে, একি তোর বাপের জায়গা নাকি বে?
একটা কথাতেই বুঝিয়ে দিল সে বেশ মুডে আছে। এই জন্যই তাকে এড়িয়ে যেতে চেয়েছিলাম। মধুর কথাতেই এগিয়েছি। সেই মুহূর্তে মনে হয়েছিল মধু ঠিক, না এগিয়ে গেলে ছবিদা গল্প বানাত এবং তা ছড়াত। পর মুহূর্তে বুঝেছি,
ভুল করেছি।
অথচ ঠিক লোককে ঠিক কথা বলা - সেটাই নাকি আমার বৈশিষ্ট্য। হায়, মধুর জন্য তাও হারাব নাকি!
- কথা না বলে হাবলার মতো তাকিয়ে আছিস কেন?
ছবিদার কথায় যেন হুঁশ ফেরে। কিন্তু মানুষটা যে ছবিদা তাই কথা বলতে হয় না, ছবিদাই কথা বলে।
- কতদিন পর দেখা, বল!
ঠিক, কতদিন পর দেখা! চল কোথাও বসি, একটু খাই।
ছবিদা হাত তুলে ইশারায় দেখাল। বললাম, ছবিদা দিনের বেলা আমি খাই না তুমি তো জানো।
- শালা। এরপর আর একটা কাঁচা খিস্তি সহযোগে ছবিদা নিজের প্রস্তাব ফেরাল। বিকল্প প্রস্তাব দিল।
- কিছু খাওয়াবি তো নাকি? খিদে পেয়েছে। চল অন্তত আমিনিয়ায় যাই। ওখানে বাইরে থেকেই কিছু কাবাব টাবাব নিয়ে ....
বুঝলাম আমাকে 'জক' মারার জন্য এমন প্রস্তাব। তাতে অসুবিধে নেই৷ ছবিদা বলে কথা! আমার কলেজ জীবনের হিরো। কিন্তু মধু আছে যে, তাকে বসাই কোথায়? ছবিদার তুলনা হয় না। আমি সমস্যায়৷ পড়েছি যে তা মুহূর্তে বুঝল।
- ইতস্তত করছিস কেন, টাকা নেই? ভাবিস না আমার আছে।
এমন সুযোগ কজন পায়? ছবিদার কাছে খাওয়ানোর টাকা আছে! কিন্তু তাতেও আজ আমার সুখ নেই, মধু সঙ্গে আছে তো।
ছবিদা আমার জামার কলার চেপে ধরল তখন। আমরা দুজনেই তখন ফুটপাতে মেলোডি'র সামনে। - ব্যাপার কিরে তোর? আমার সঙ্গে বসতে আপত্তি?
- না না তা কেন?
- তবে? কেউ সঙ্গে আছে?
এই তবেতেই গোলমাল যত।

ঘাড় নেড়ে বলতেই হয় আছে। তাতে নিজেরই বিপদ আরও বাড়ে যেন। মধুকে দেখাই কী করে? একটাই ভালো দিক এই যে ছবিদা আর আমি এখন ভিন্ন শহরে থাকি, আমার খবর ছবিদা রাখেনা, আমিও ছবিদার খবর রাখি না। এর পাশে উঠে আসে খারাপ খবর বা খারাপ চিন্তা। ছবিদা বা তারা সকলেই জানে এই বেটা প্রেমে পড়ার নয়, বা ফাঁদে ধরা দেবার নয়। সেই আমি মধুর প্রেমে হাবুডুবু না হলেও ঐ রকমই - এও ভেবেছি জীবনে সুন্দরী মধুকে পেলে মন্দ হয় না। তাও দ্বিধা বহুরকমের।

মধুর সবে বিয়ে হয়েছে। পাড়ার বোসদার সাথে। এর মধ্যেই শোনা যাচ্ছে অনেক কথা। শোনা যাচ্ছে মধু - বোসদার বিয়েটা ভাঙ্গার মুখে। কেন বা কি বৃত্তান্ত তা কেউ জানে না। আমিও জিজ্ঞাসা করিনি কদাচ। কেবল এটুকু বুঝি যে মধু আমার প্রেমে পড়েছে এবং সে যে হাবুডুবু খাচ্ছে তাতে অন্তত আমার কোনও সন্দেহ বা সংশয় নেই। যা থাকে কপালে বলে সামান্য দূরে দাঁড়ানো মধুকে ডাকলাম। এল সে, এবং আমাকেও অবাক করে দিয়ে বলল, বলো ঠাকুরপো, আমার তাড়া আছে সে তো তুমি জানো। বলতে যাচ্ছিলাম যে আমাকে কবে আবার তুমি ঠাকুরপো বলে সম্বোধন করেছো? সামলে নিলাম।

- সত্যি ছবিদা আজ তাড়া আছে। আর একদিন নিশ্চয়।
- বললে হবে। কতদিন পরে দেখা। আবার কবে দেখা হবে, আদৌ দেখা হবে কিনা কে জানে। তারপর দড়ি টানাটানির মতো দুজনে দুদিক থেকে আমাকে টানে। আমি দুজনের ছোবল বাঁচিয়ে পালাই মেট্রো গলিতে।

পরে শুনেছি, দেখা হয়নি, মধু আর ছবিদা সংসার পেতেছে।

মেয়েটাতো রক্ষা পেল, আমি তথৈবচ।

দশভুজা-বন্দনা : পূজা থেকে উৎসব

- মানবর্দ্ধন পাল

বাঙালি আজন্ম উৎসবপ্রিয় জাতি। তাই লৌকিক প্রবাদ আছে, আমাদের বারো মাসে তেরো পার্বণ।বাঙালির অভাব-অনটন আছে, দুঃখ-দারিদ্র্য আছে কিন্তু বাঙালি উৎসব-অন্তপ্রাণ। কালের বিবর্তনে বাংলার অনেক লৌকিক উৎসব বিলুপ্ত হয়েছে সত্যি কিন্তু যুক্ত হয়েছে অনেক উৎসব-- নবরূপায়িত হয়ে কিছু উৎসব নতুন মাত্রাও লাভ করেছে। মোটা দাগে আমাদের উৎসব তিনটি ধারায় বাহিত-- ধর্মীয়, সামাজিক ও রাজনৈতিক। ধর্মীয় উৎসব ইদ, দুর্গাপূজা, বড়দিন, প্রবারণা পূর্ণিমা ইত্যাদি ; সামাজিক উৎসব নববর্ষ, রাজনৈতিক উৎসব আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ইত্যাদি।

বাঙালি হিন্দুসমাজের প্রধান ধর্মীয় উৎসব দুর্গাপূজার ইতিহাসও একমুখীন নয়। এর পৌরাণিক ইতিহাস আছে আবার সামাজিক-সাংস্কৃতিক ইতিহাসও আছে। দুর্গাপূজার পৌরাণিক তাৎপর্য প্রায় সর্বজনবিদিত। রামায়ণ মহাকাব্যে রামচন্দ্রের চোদ্দো বছর বনবাসকালে রাবণ-কর্তৃক সীতাহরণের পর রাম রাবণবধ ও সীতাকে উদ্ধারের জন্য দুর্গাদেবীর আরাধনা করেছিলেন। তা ছিল শরৎকালে দেবীকে অকালবোধন। বসন্তকালের চৈত্রমাসে আরাধ্য চণ্ডী বা বাসন্তী দেবীর পূজার আয়োজন তিনি করেছিলেন শরতে। সেই পূজাই পৌরাণিকমতে শারদীয় দুর্গাপূজা। কিন্তু এই পূজার সামাজিক ইতিহাস ভিন্ন।

বর্তমানকালে সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড়ো ধর্মীয় উৎসব দূর্গাপূজা। 'বর্তমানকাল' শব্দটি লিখলাম একারণে যে, প্রাচীনকালে এদেশে দূর্গাপূজা সামাজিকভাবে জনসাধারণের মধ্যে প্রচলিত ছিল না। অষ্টাদশ শতাব্দীর শেষের দিকে এদেশে দুর্গাপূজার প্রচলন শুরু হয়। তাতে তখন সর্বসাধারণের অংশগ্রহণ ছিল না। হিন্দু রাজা, জমিদার ও বনেদি পরিবারে দুর্গাপূজার আয়োজন হত। সেখানে নিমন্ত্রিতও থাকত তাদের শ্রেণির লোকজন ও স্বজনেরা। আর ইংরেজ তোষণকারী জমিদারদের 'মহামান্য' অতিথি হিসেবে আমন্ত্রিত হতেন ইংরেজ হর্তাকর্তারা। নিম্নবর্গের মানুষ সেখানে অংশগ্রহণ বা দর্শনের সুযোগ পেত না। ভোগ তো দূরের কথা কিঞ্চিৎ উপভোগের সুযোগ থেকেও তারা বঞ্চিত হত। চাবুক ও লাঠি হাতে পাহারায় থাকত একাধিক দ্বাররক্ষী। প্রতিমা দর্শন করতে চাইলে চাবুক মেরে ও লাঠিপেটা করে সাধারণ মানুষকে তাড়িয়ে দেওয়া হত।

১৭৫৭ সালের পলাশির যুদ্ধের পরও বাংলার বনেদি পরিবারে এধরনের দুর্গাপূজা আয়োজনের ইতিহাস পাওয়া যায়। কলকাতার নবকৃষ্ণ দেব ছিলেন লর্ড ক্লাইভের সেরেস্তাদার বা হিসাবরক্ষক। নবাব সিরাজ উদ্ দৌলার পরাজয়ের পর ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাছ থেকে অবৈধ সম্পদ অর্জন করে তিনি তার বাড়িতে দুর্গাপূজার আয়োজন করেন। প্রধান অতিথি হিসেবে আমন্ত্রিত হন সাঙ্গোপাঙ্গসহ লর্ড ক্লাইভ। তখন ক্লাইভকে খুশি করতে নবকৃষ্ণ সেই দুর্গাপূজায় মদমাংসসহ বাইজির নাচগানের ব্যাপক আয়োজন করেছিলেন। ইংরেজ-তোষণই ছিল এমন পূজার আসল উদ্দেশ্য। তারপর শতেক বছর ধরে বাংলায় যত দুর্গাপূজা হয়েছে সবই বনেদি ধনিক শ্রেণির পারিবারিক আয়োজনে এবং তাতে সাধারণ মানুষের প্রবেশাধিকার ছিল নিষিদ্ধ।

বনেদি হিন্দু সম্প্রদায়ের এমন সংরক্ষিত দুর্গাপূজার আয়োজন বাংলায় চলেছে প্রায় শতাব্দীব্যাপী। রাগে-দুঃখে, ক্ষোভে-অপমানে সাধারণ বাঙালি হিন্দুসমাজ যখন সংক্ষুব্ধ তখন ১৮১৯ সালে শুরু হয় 'বারোয়ারি' দুর্গাপূজার সূচনা। বারোয়ারি শব্দটি মূলত হিন্দি ভাষার। বারো হল সংখ্যাবাচক শব্দ আর 'ইয়ার' শব্দের অর্থ বন্ধু। বারো ইয়ার থেকে বারোয়ারি শব্দের উৎপত্তি। গঙ্গার ওপারে হুগলির গুপ্তিপাড়া গ্রামের বারোজন ব্রাহ্মণ মিলে পরামর্শ করে আয়োজন করেন দুর্গাপুজার। আশপাশের গ্রামের মানুষও এর সঙ্গে সম্মিলিত হয়। এভাবে বারোয়ারি দুর্গাপূজার সৃষ্টি। তারা বারো গ্রামের সবার কাছ থেকে স্বেচ্ছাদানে চাঁদা সংগ্রহ করে সকলের সম্মিলিত উদ্যোগে আয়োজন করেন দশভুজা-বন্দনার। তাতেও অভিজাত ব্রাহ্মণ ও বর্ণহিন্দুরা

বাধা হয়ে দাঁড়িয়েছিল। কিন্তু জনগণের সম্মিলিত উদ্যোগকে দমাতে পারেনি। প্রবহমান কালের ধারায় এই বারোয়ারি দুর্গাপূজা বাংলার সর্বত্র বিস্তার লাভ করে। আর জ্যামিতিক হারে কমতে থাকে ব্যক্তি উদ্যোগে অনুষ্ঠিত দুর্গাপূজা। এখন তা প্রায় শূন্যের কোঠায় এবং যৎসামান্য হলেও নিষ্প্রাণ।

এভাবে বারোয়ারি আয়োজনের মাধ্যমে অনুষ্ঠিত দুর্গাপূজা কালক্রমে অভিজাত বর্ণহিন্দু ও ধনিক সম্প্রদায়ের হাত থেকে মাটির কাছাকাছি সাধারণ মানুষের কাছে চলে আসে। দেবী দশভুজা যেন ধনিক-বণিকের কারা-মন্দিরের সুদীর্ঘ বন্দিদশা থেকে মুক্তি পেয়ে তাঁর গণপূজক সন্তানদের মাটির ঘরে চলে আসেন। এভাবে কালক্রমে বারোয়ারি দুর্গাপূজা হয়ে ওঠে সর্বজনীন দুর্গাপূজা। 'সর্বজনীন' মানে, সকলের সহযোগিতায় সবার অংশগ্রহণে উদযাপন হয় যে অনুষ্ঠান। একালে বাঙালি হিন্দুসমাজের দুর্গাপূজা কেবল যাগযজ্ঞ, চণ্ডীপাঠ ও বেদমন্ত্র উচ্চারণের মধ্যে সীমাবদ্ধ থাকেনি। বাঙালির লোকজ সংস্কৃতির সঙ্গে মিলেমিশে দুর্গাপূজা হয়ে উঠেছে দুর্গোৎসব। ঢাকের বাদ্যি-উলুধ্বনি ও কাঁসরঘণ্টার সঙ্গে যুক্ত হয়েছে বাহারি সাজসজ্জা, কারুকার্যময় নতুন পোশাক, দৃষ্টিনন্দন আলোকসজ্জা, আগমনীগান, পালাগান, সাংস্কৃতিক অনুষ্ঠান, বিজয়া দশমীর শোভাযাত্রা, নারীদের সিঁদুরখেলা-- আরো কত কী! এভাবে বারোয়ারি দুর্গাপূজা সকলের সহযোগিতা এবং অংশগ্রহণের মাধ্যমে একালে হয়ে উঠেছে সর্বজনীন দুর্গোৎসব।

বাঙালির কাছে দেবীদুর্গা আর পৌরাণিক রূপ ধারণ করে থাকেনি-- কন্যা-স্বরূপিনী হয়ে উঠেছে। হিমালয়ের গিরিশৃঙ্গে স্বামী শিবের ঘর থেকে কন্যা- স্বরূপিনী দুর্গা বছরে একবার পিতৃগৃহে আগমন করেন। বাস্তব জীবনে বিবাহিত কন্যারা শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়ি এলে যেমন পারিবারিক উৎসবের আয়োজন হয় তেমনই দুর্গোৎসব যেন বাঙালি হিন্দুসমাজে পিতৃগৃহে সসন্তানে কন্যার আগমন। দেবী দুর্গা তখন কেবল 'শক্তিরূপেন সংস্থিতা' থাকেন না-- মাতৃরূপেন এবং কন্যারূপেন সংস্থিতা হয়ে ওঠেন। মহালয়ার পিতৃতর্পণ থেকে শুরু হয় দেবীর আগমনবার্তা। দেবীর আগমনী গানে তারই ছন্দিত সুরেলা প্রকাশ। শারদীয় আশ্বিনের শুক্লপক্ষের ষষ্ঠীতে দেবীর আগমন এবং পরবর্তী তিনদিন পূজিত-বন্দিত হয়ে দশমীতে দেবী ফিরে যান স্বামীগৃহে। বিসর্জনের মাধ্যমে পরিসমাপ্তি ঘটে দুর্গোৎসবের। দশমীতে তাই কন্যাবিদায়ের বিষাদ যেন উষ্ণপ্রস্রবণের মত জেগে ওঠে বাঙালির অন্তরে।

সংস্কৃতির রূপান্তরের মাধ্যমে একালে পৌরাণিক দুর্গাপূজা রূপ লাভ করেছে শারদীয় উৎসবে। উৎসব মানেই মানুষের সম্মিলন, ধর্মবর্ণ নির্বিশেষে মানুষের মিলনক্ষেত্র-- সম্মিলিত আনন্দযজ্ঞ। এখন বাংলাদেশের বাঙালির অন্যতম জনপ্রিয় শ্লোগান-- ধর্ম যারযার, উৎসব সবার। এই লক্ষ্যে ধর্মবর্ণ নির্বিশেষে অসাম্প্রদায়িক চেতনার অভিসারী হোক আগামির বাংলাদেশ। আর যেন রামু, নাসিরনগর, দিনাজপুর, মাগুরা, ভোলা ও কুমিল্লার নানুয়া দিঘিরপারের দুর্ঘটনার মত সাম্প্রদায়িক সন্ত্রাসের খবর আমাদের দেখতে-শুনতে না-হয়। দুর্গা নামের তাৎপর্য যদি হয় দুর্গতিনাশিনী তবে আমাদের জীবনের সর্ববিধ দুর্গতি তিনি দূরীভূত করুন।

পেলে জানিয়ো।
ভালো থেকো।

ভাঙা পথের রাঙা ধূলায়

- ত্রিদিবকুমার চট্টোপাধ্যায়

১৯৯৭ সালের ২১শে জানুয়ারি। সকাল সাড়ে দশটা। ইম্ফল এয়ারপোর্টের বাইরে পা রাখল মৈনাক। গেটের সামনে অপেক্ষমান যুবক এসে জড়িয়ে ধরল, ' হাই মাইনাক! আফটার আ লং টাইম। তুই একইরকম আছিস। '

' তুইও কিছু বদলাসনি গাম্বু। ' মৈনাক হাসল, ' হাও ইস আঙ্কেল আন্টি ?'

' পারফেক্টলি ফিট অ্যান্ড ফাইন। কিন্তু আমাদের মুক্তি আন্টি ? এখনো ডিপ্রেসড ? '

' ইয়েস গাম্বু। দাদুভাই ওয়াস মাই মমস আইডল।'

' দ্যাটস ভেরি নরমাল । আফটার অল, হি ওয়াস আ লেজেন্ড। এনিওয়ে, অ্যাট লাস্ট তোর মণিপুর আসা হল।'

' যা বলেছিস। এখন নিশ্চয়ই স্ট্রেট টু মৈরাঙ? '

' সে কী রে! আমাদের বাড়ি যাবি না? '

' অবশ্যই যাব। বাট বিফোর দ্যাট, আই হ্যাভ টু ফুলফিল মাই দাদুস লাস্ট উইল। তুই কি তাঁর কোনও খোঁজ পেলি? '

' সিওর নয়। ডক্টর আঙ্কেল বলেছেন, তোর সঙ্গে আগে কথা বলবেন। আঙ্কেল মৈরাঙেই থাকেন।'

' ডক্টর আঙ্কেল! '

' হ্যাঁ, বাবার ব্যাচমেট। ডক্টর মণিচন্দ্র সিং। আয়, যেতে যেতে বলছি। '

দুজনে উঠে পড়ল টাটা সুমোয়। নিজেদের ভাষায় চালককে কিছু বলল গাম্বু। গাড়ি স্টার্ট দিল।

' কৈরেঙ সিংয়ের নাম শুনেছিস? '

' নাহ্! ' মৈনাক মাথা নাড়ে, ' তিনি কে? '

'পুরো নাম মৈরেমবাম কৈরেঙ সিং। ' গাম্বু বলে, ' এই স্টেটের লিজেন্ডারি পার্সোনালিটি। চুরানব্বইতে মারা গেছেন। হি ওয়াস দ্য ফার্স্ট চিফ মিনিস্টার অফ মণিপুর। পরে আরও দুবার মুখ্যমন্ত্রী ইলেক্টেড হন। অ্যাসেম্বলি সিট থেকে টানা জিতেছেন। কৈরেঙ সিং ছিলেন মৈরাঙের সান অফ দ্য সয়েল। তাঁরই ভাইপো ডক্টর আঙ্কেল। মণিচন্দ্র সিং। সব শুনে বললেন, তোকে নিয়ে যেতে।'

' দাদু ক্লু হিসেবে লিখে গেছেন...' মৈনাক নিজের মনে বিড়বিড় করে ওঠে, ' আশার দাদা মণিপুরের সবচেয়ে শ্রদ্ধেয় মানুষ... সে না থাকলে স্বাধীন সরকার তৈরি হওয়া সম্ভব ছিল না...! ইনিই কি তিনি?'

গাড়ি ছুটে চলেছে পাহাড়ি পথ বেয়ে। কখনো রোদ কখনো ছায়া। ঝকঝকে নীল আকাশ, দুদিকে সবুজ পাহাড়ের ঢেউ, তাদের উপর রোদের আলপনা। মাঝে মাঝে হালকা হিমেল হাওয়া। শিরশির করে উঠছে শরীর। অপরূপ নিসর্গ।

ভাগ্যচক্র সত্যিই বিচিত্র ! সবই যেন পূর্বনির্ধারিত। জে এন ইউ তে পড়ার সময় মণিপুরী বন্ধু গাম্বা সিংয়ের সঙ্গে কতবার প্ল্যান হয়েছে, চার বন্ধু মিলে মণিপুর আসার। গাম্বার বাবা মার সঙ্গে যতবার দিল্লিতে দেখা হয়েছে, ওঁরা নর্থ ইস্ট বেড়িয়ে যেতে বলেছেন। কিন্তু কিছুতেই যাওয়া হয়নি, প্রতি বার নানা বাধা। একবার টিকিট কেটেও ক্যান্সেল করতে হল, কোচির বন্ধু আসগর আলির নানী মারা গেলেন। মাস্টার্স কমপ্লিট করে এরপর ওরা ছড়িয়ে পড়ল। গাম্বা মণিপুর ইউনিভার্সিটিতে অধ্যাপনায় জয়েন করল, মৈনাক দিল্লিতে থেকে গেল। পি এইচ ডির পর সেও এই মাসে জে এন ইউতে ঢুকে পড়েছে।

গত সপ্তাহেই বাড়ি থেকে বাবার ফোন। ' দাদু তোমাকে খুব দেখতে চাইছেন। তুমি উইক এন্ডে চলে এসো। ' ' কেন বাবা? দাদুভাইয়ের কি শরীর খারাপ করেছে? ' ' অ্যাপারেন্টলি তেমন কিছু সিম্পটম নেই, ঠাণ্ডা লেগে একটু কাশি হয়েছে। বাট হি

ইস ইন্সিস্টিং। বলছেন, তোমার সঙ্গে খুব জরুরি কথা আছে। অ্যান্ড দ্যাট ইস কনফিডেনসিয়াল। একটা কথা তো ঠিক, প্রস্টেট ক্যান্সার অপারেট করা হলেও শরীরে অন্য কোথাও মেটাস্টাসিস হয়েছে কিনা, কে জানে! আসলে বয়েসটা মেজর ফ্যাক্টর।'

মৈনাক রিস্ক নিল না, উইক এন্ডেই রাজধানীতে চড়ে বসল। দাদু ওর হিরো, বেস্ট ফ্রেন্ড। ছোটবেলা থেকে কত যে লড়াইয়ের গল্প শুনেছে দাদুর কাছে। বার্মা ফ্রন্ট, বাহাদুর গ্রুপ... স্বাধীনতার সংকল্প... ও মাঝে মাঝে অবিশ্বাসী চোখে চেয়ে থাকত দাদুর মুখের দিকে। এই মানুষটা, এমন স্নেহময় দরাজ মানুষ, সে কিনা রাইফেল নিয়ে শত্রুর মোকাবিলা করেছে, পাহাড় প্রান্তর বনজঙ্গল পেরিয়ে মার্চ করছে সহযোদ্ধাদের সঙ্গে, অবলীলায় গুলি চালিয়ে শত্রু খতম করেছে! দুজন একই মানুষ?

দাদু ইজিচেয়ারে এলিয়ে ছিলেন, মাঝে মাঝেই কাশির দমকে উঠে বসছিলেন। মা বলল, আজ সকাল থেকে হঠাৎ কাশি খুব বেড়েছে। মৈনাককে দেখে তাঁর ফ্যাকাশে মুখে আলগা হাসি ফুটে উঠল, ' বোসো দাদুভাই। তোমাকে টেনে না এনে উপায় ছিল না। আমার সময় ফুরিয়ে এসেছে, বুঝতে পারছি।'
' কী বলছ দাদুভাই? '
' ঠিকই বলছি ভাই।' কাশি চেপে দাদু বললেন, 'মনে মনে ভেবে রেখেছিলাম, এবারের তেইশে জানুয়ারির দিনটা অন্যরকম কাটাব। গোপনে তোমার আমার দুটো ফ্লাইট টিকিট কেটে রেখেছিলাম। সে আর হবে না। তাই যে কাজটা এত বচ্ছরে আমি করে উঠতে পারিনি, সেটা তোমাকেই করতে হবে।' পাশের টেবিল থেকে একটা সিলড ফাইল ওর হাতে তুলে দিলেন দাদু, 'এর মধ্যে সব আছে। বলতে পার, আমার ফৌজি জীবনের কথা। আমি চলে যাওয়ার পরে খুলো দাদুভাই। শুধু তুমিই জানবে, কেমন? '
পাথরের মতো বসে ছিল মৈনাক, ভিতর থেকে উঠে আসা কষ্ট দলা পাকিয়ে ওর কথা আটকে দিচ্ছিল। দাদু ওর হাত চেপে ধরে বসে থাকলেন কিছুক্ষণ। কাশি কন্ট্রোল করার খুব চেষ্টা করছিলেন। একটু পরে আস্তে আস্তে বললেন, ' এটা সাবধানে রেখো দাদুভাই। ওর মধ্যে প্লেনের টিকিটটাও আছে। যাও, এখন রেস্ট নাও।'
দাদুর সঙ্গে সেই ওর শেষ কথা। ডাক্তার বললেন, মৃত্যুদূত নিঃশব্দে ফুসফুসে ছড়িয়ে পড়েছিল।...

' হাই মাইনাক, আর ইউ স্লিপিং? '
ঘোর কেটে গেল মৈনাকের, সে তাকাল গাম্বার দিকে। হ্যাঁ, স্লিপিং তো বটেই, স্মৃতির সমুদ্রে সে হারিয়ে গেছিল বেশ কিছুক্ষণ ।
' উই আর রিচিং মৈরাঙ ইন অ্যানাদার টেন মিনিটস ।'
মৈরাঙ! এই সেই মৈরাঙ! দাদুভাইয়ের স্বপ্নের দেশ...ভারতবর্ষের প্রথম স্বাধীন মাটি, উড়ছে প্রথম তেরঙ্গা পতাকা। মৈনাক সোজা হয়ে বসল। সে দেখতে পাচ্ছে, মার্চ করে এগিয়ে চলেছে আজাদ হিন্দ ফৌজ, স্পষ্ট শুনতে পাচ্ছে , 'কদম কদম বাড়ায়ে যা, খুশী কে গীত গায়ে যা... ইয়ে জিন্দেগী হ্যায় কওম কী তু কওম কী লুটায়ে যা... তু শের ই হিন্দ আগে বাড়, মরতে সে তু কভি না ডর, উড়াকে দুশমনো কা সর, জোশ ইয়ে ওয়াতন বাড়ায়ে যা... কদম কদম বাড়ায়ে যা... !'...

ছোট বাগান ঘেরা বাড়ি। ডক্টর মণিচন্দ্র সিং বাইরের পোর্টিকোয় অপেক্ষা করছিলেন। ভিতরে চায়ের কথা বলে এসে বসলেন। বললেন, ' গাম্বা বলেছে, তোমার গ্র্যান্ড ফাদার মহেন্দ্র কুমার সিনহা ওয়াস এ ফ্রিডম ফাইটার, ইন আজাদ হিন্দ ফৌজ, রাইট? একটু ডিটেলে শুনতে চাই তাঁর কথা।'
' সিওর আঙ্কেল। সবটাই দাদুর মুখ থেকে শুনেছি।' মৈনাক বলতে শুরু করে,' দাদুর দিকে কোনো রিলেটিভ ছিল না, দাদু মিশনারি অরফ্যানেজে বড় হন। কুড়ি বছর বয়েসে যোগ দেন ব্রিটিশ আর্মিতে। তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয়ে গেছে। দাদুর পোস্টিং হয় সিঙ্গাপুরে। নাইন্টিন ফরটিটুর ফেব্রুয়ারি মাসে জাপানি আর্মির কাছে ব্রিটিশ ফোর্স সারেন্ডার করে। ভারতীয় সেনারা যোগ দেয় রাসবিহারী বসুর নেতৃত্বে আই এন এ তে। নাইন্টিন ফরটিথ্রিতে নেতাজির ডাকে সাড়া দিয়ে আরও হাজার হাজার ভারতীয় যোগ দিলেন, গড়ে উঠল আজাদ হিন্দ ফৌজ।'

' এই ইতিহাস জানি।' মৃদু হেসে ডক্টর সিং বললেন, ' আমি মহেন্দ্রজির ব্যাপারে স্পেসিফিক জানতে চাইছি।'
' বলছি আঙ্কেল। দাদু ছিলেন শওকত মালিকের বাহিনীতে একজন অ্যাসিস্ট্যান্ট কমান্ডার। ওনাদের বাহাদুর গ্রুপ ব্রিটিশদের হটিয়ে দুর্গম তামু বর্ডার পেরিয়ে ভারতীয় ভূখণ্ডে ঢুকে পড়ে। নাইন্টিন ফরটিফোরের ফোরটিন এপ্রিল বিকেলে কমান্ডার শওকত মালিক এই মৈরাঙেই প্রথম স্বাধীন ভারতের তেরঙ্গা ঝাণ্ডা তোলেন। এখানেই গঠিত হয় অন্তর্বর্তী স্বাধীন সরকার। ঠিক বলছি তো? '
' ইয়েস মাই সন। সেই পতাকায় অশোক স্তম্ভের বদলে ছিল ছুটন্ত বাঘ।' ডক্টর সিং বললেন, 'সেদিন জাতীয় সঙ্গীতও গাওয়া হয়। জনগণমনর সুর, কথা একটু আলাদা-- শুভ সুখ চ্যান কি বরখা বরসে, ভারত ভাগ্যায় জাগা...। বড় বাবার মুখে অনেকবার এই গানটা শুনেছি। তিনিও ছিলেন আজাদ হিন্দ ফৌজের সৈনিক, পথ দেখিয়ে নিয়ে আসেন বাহিনীকে ।'
' বড় বাবা! '
' তোকে এনার কথাই বলছিলাম রে মাইনাক। কৈরেঙ সিং।' গাম্বা বলল, ' আঙ্কেলের জ্যাঠা। বাড়ি, জমি সব দান করে দেন প্রভিশনাল ন্যাশনাল গভমেন্টকে। ওনার বাড়িতে স্বাধীন সরকারের অফিস হয়। আফটার ফরটিসেভেন হি জয়েনড কংগ্রেস, বিকেম চিফ মিনিস্টার ফর থ্রি টার্ম।'
' হুঁ।' মৈনাক মাথা দোলায়, ' দাদুর মুখে এরকম একজনের কথা শুনেছি, নাম কিছু বলেননি।'
' হয়তো তার কারণ ছিল।' ডক্টর সিংয়ের মুখে হালকা হাসি ফুটে ওঠে, ' তুমি শেষ করো বেটা।'
' হ্যাঁ আঙ্কেল। তিন মাসের মধ্যে পুরো পরিস্থিতি উল্টে গেল। জাপান যুদ্ধে পিছু হটল, ব্রিটিশ আর্মি দখল করে নিল মৈরাঙ। আজাদ হিন্দ ফৌজ টুকরো টুকরো হয়ে গেল। সাধারণ ফৌজিরা বেশিরভাগ পালিয়ে গেল, অফিসাররা ব্রিটিশ আর্মির হাতে ধরা পড়লেন। ওদের নিয়ে যাওয়া হল দিল্লি, যুদ্ধ অপরাধী হিসেবে দাগিয়ে দিল ইংরেজ। জেলে ভরে দেওয়া হল, শুরু হল রেড ফোর্টে ট্রায়াল। তখন --'
একটু থেমে মৈনাক বলে, ' অনেকের মতো দাদুও মুচলেকা দিলেন, তাঁরা সহিংস পথ ত্যাগ করবেন, অহিংসার পথে চলবেন। পশ্চিমবঙ্গে এসে দাদু কংগ্রেসে যোগ দিলেন, নেতা হলেন, সরকারি চাকরি পেলেন, বিয়ে করলেন।'
' বেশ। তারপর? '
' দাদুর সঙ্গেই আমার সবচেয়ে বেশি বন্ধুত্ব, ছোটবেলা থেকে লেপ্টে থাকতাম তার সঙ্গে। কত গল্প যে শুনেছি তাঁর কাছে, নেতাজির কথা, ফৌজি জীবন। কিন্তু মৈরাঙের কথা উঠলেই দাদুর মুখের রঙ পাল্টে যেত, বিষণ্ণতা ছেয়ে যেত। বছর পাঁচেক আগে হঠাৎ একদিন দাদু বললেন,-- শোন, আমাকে একবার মণিপুরের মৈরাঙ যেতেই হবে। -- কেন দাদু? -- প্রায়শ্চিত্ত। ব্যস, এটুকু বলে দাদু চুপ। চাপাচাপি করেও জবাব পাইনি।
'তারপর বছর দুয়েক আগে ফের একদিন বললেন, -- শোন, ঠিক করেছি, নেতাজির জন্ম শতবর্ষ কাটাব মৈরাঙে। তুমিও থাকবে আমার সঙ্গে। নেতাজিকে ওরা ভগবানের মতো মানে। তেইশে জানুয়ারি আর চোদ্দোই এপ্রিল ওখানে বিরাট উৎসব হয়। আমার কাজটাও শেষ করতে হবে। একে একে সবাই চলে যাচ্ছে। -- কী কাজ দাদু? -- বলব, শুধু তোমাকেই বলব। যদি আমি না থাকি তখন, তোমাকেই কমপ্লিট করতে হবে।'
' কাজটা কী, বলে গেছেন নিশ্চয়ই ? '
' বলেননি আঙ্কেল, লিখে গেছেন। ' মৈনাক ব্যাগ থেকে ফাইলটা বের করল। লম্বা শ্বাস ছেড়ে বলল, ' আমাকে লেখা দাদুর লাস্ট উইল। বাংলায় লেখা, আপনাদের বোঝার জন্য ট্রান্সলেট করে বলছি।'

'স্নেহের দাদুভাই, যখন তুমি এ চিঠি পড়বে, তখন আমি থাকব না, তোমার কাছে আমায় চরম লজ্জায় পড়তে হবে না, এটা ভেবে স্বস্তি পাচ্ছি। আমার এই বিশ্বাসও আছে, এ চিঠি তুমি ছাড়া আমার ফ্যামিলির অন্য কেউ জানতে পারবে না, এবং কাজ হয়ে যাওয়ার পরে তুমি ছিঁড়ে ফেলে দেবে।

' আমার এই দীর্ঘ জীবনে আমি দু-দুটো ভয়ংকর অপরাধ করেছি।

' প্রথম অপরাধ -- আমি নেতাজির সঙ্গে, দেশের মানুষের সঙ্গে বেইমানি করেছি। যে ব্রিটিশদের দেশ থেকে তাড়াতে জীবন বাজি রাখব এই সংকল্প নিয়ে আজাদ হিন্দ ফৌজে যোগ দিয়েছিলাম, সিঙ্গাপুরের ময়দানে নেতাজির গলায় গলা মিলিয়ে কসম খেয়েছিলাম, সে প্রতিজ্ঞা ভঙ্গ করেছি। নিজের জীবন বাঁচাতে রেড ফোর্টে ট্রায়াল চলার সময়ে সাম্রাজ্যবাদী ইংরেজ শাসকদের কাছে মুচলেকা দিয়েছি। পরে নিজের বিবেককে বুঝিয়েছি , আমি তো কোন ছার, ফৌজে যারা সর্বোচ্চ পদে ছিলেন, সেই শাহনওয়াজ খান, প্রেম সেহগল, আবিদ হোসেন বা ঝাঁসি ব্রিগেডের লক্ষ্মী স্বামীনাথন ... এঁরা সকলেই তো আমার পথে হেঁটেছেন। স্বাধীনতার পরে কেউ মন্ত্রী হয়েছেন, কেউ এমপি, কেউ আবার অন্যান্য দেশে অ্যাম্বাসাডার। খামোকা কোর্ট মার্শালে গুলি খেয়ে মরলে লাভই বা কী হতো। ততদিনে ইংরেজরা ইন্ডিয়া ছেড়ে যাবে, ঠিক করে ফেলেছিল।

' আমার দ্বিতীয় অপরাধ? আমি নির্দ্বিধায় স্বীকার করছি, তার কোনো ক্ষমা হয় না। আমি এক তরুণীর জীবন নষ্ট করেছি, যে না থাকলে বার্মার বর্ডারে আমার লাশ পড়ে থাকত। আমার প্রেমে পড়েই সে যোগ দিয়েছিল আজাদ হিন্দ ফৌজের সেবা দলে। বিষাক্ত বিছের কামড়ে আমি যখন মুমূর্ষু, সে আমায় ঘাড়ে নিয়ে মাইলের পর মাইল পথ হেঁটেছে, আশ্চর্য সব জংলি পাতা বেটে আমার ক্ষতে প্রলেপ দিয়েছে। ভারতের মাটিতে পা দেওয়ার পরে তার বাড়িতেই আমায় রেখে সুস্থ করে তুলেছে। মৈরাঙ কাংলায় স্বাধীন সরকার প্রতিষ্ঠার পরের দিন, চুয়াল্লিশের পনেরোই এপ্রিল কমান্ডার শওকত আলী মালিক নিজে সাক্ষী হয়ে কাগজে সই করিয়ে আমাদের বিবাহ দেন।

' কয়েক মাস মাত্র ছিল এই বিয়ের বয়েস। তার মধ্যেই জাপান পিছু হটল, ব্রিটিশ আর্মি আমাদের হারিয়ে দিল, ফের দখল নিয়ে নিল মৈরাঙ। স্বাধীন সরকার ভেঙে গেল। আমাকে মৈরাঙে লুকিয়ে রাখতে চেষ্টা করেছিল আমার স্ত্রী, পারেনি। ব্রিটিশের সব দালাল ঘুরে বেড়াচ্ছিল বাড়ি বাড়ি, তারাই আমায় ধরিয়ে দেয়। ওয়ার ক্রিমিনাল তকমা দিয়ে আমাদের বন্দী করা হয়, শেষ পর্যন্ত দিল্লি। এরপরের ঘটনা তুমি সবই জানো দাদুভাই।

' যেটা কেউ জানে না, সেটা হল আমার পরবর্তী পদক্ষেপ। ট্রায়াল থেকে ছাড়া পেয়ে চলে এলাম পশ্চিমবঙ্গে, ভুলতে চাইলাম আমার অতীত। সাদা কাগজে শুরু করলাম নতুন জীবন। সেই জীবনে পাহাড়ি তরুণীর কোনো জায়গা নেই।

' কিন্তু বিবেক আমায় ছাড়েনি, দিনরাত তাড়া করে বেড়িয়েছে। ভিতরে ভিতরে জ্বলে পুড়ে মরেছি বছরের পর বছর। ইংরেজ বাহিনী যখন আমায় মৈরাঙ থেকে তুলে নিয়ে যায়, আমি সঙ্গে করে নিয়ে গেছিলাম আমাদের বিয়ের কাগজ এবং অন্যান্য স্মৃতিচিহ্ন। জেলে থাকার সময়ে সেগুলো জেলারের কাছে গচ্ছিত ছিল, পরে নিজের কাছে সযত্নে সন্তর্পণে রেখে দিয়েছি। মনে মনে ভেবেছি, আজ হোক কাল হোক, ওর কাছে যাবই যাব। ওর পা ধরে ক্ষমা চাইব। ওর জিনিস ওকে ফেরত দেব। খবর পেয়েছিলাম, সে আর বিয়ে করেনি, একাই থাকে।

' জানি না, সে বেঁচে আছে কিনা। জানি না তার ঠিকানা। তবে মৈরাঙ এত ছোট টাউন, তার খোঁজ পাওয়া কঠিন হবে না। আমি নিশ্চিত, যদি সে বেঁচে থাকে, তুমি তার খোঁজ পেয়ে যাবে। একটা ক্লু দিই, হয়ত তোমার সুবিধা হবে-- সেই মেয়েটার বড় ভাই ছিল মণিপুরের সবচেয়ে শ্রদ্ধেয় মানুষ, সে না থাকলে --- '

' মিলে যাচ্ছে, মিলে যাচ্ছে! ' মাঝপথে মৈনাককে থামিয়ে বলে উঠলেন ডক্টর সিং, ' তাঁর নাম কি --- '

' হ্যাঁ আঙ্কেল, আশা দেবী সিং, আমি গাম্বুকে বলেছিলাম। তাঁকে একটা চিঠিও লিখে গেছেন দাদু। এই যে। ' বলতে বলতে ফাইল থেকে মুখবন্ধ একটা খাম, এবং কয়েকটা ছোটখাট জিনিস বের করে আনল মৈনাক। খামের উপর লেখা -- asha । রয়েছে আজাদ হিন্দ ফৌজ খোদাই করা একটা মেডেল, ব্রোঞ্জের ব্যাজ এবং দুটো রুপোর আংটি। দুটোরই উপরে লেখা M A।

ডক্টর সিং অস্ফুটে বললেন, ' এম এ-- মানে মহেন্দ্র আশা। সম্ভবত বিয়ের আংটি।'
' হ্যাঁ আঙ্কেল, আর এইটা দেখুন।' মৈনাক একটা ভাঁজ করা বিবর্ণ কাগজ খুলে ধরল, ' ওনাদের বিয়ের ডকুমেন্ট। দেবনাগরী হরফে লেখা, দুদিকে দুজনের সই, নীচে শওকত আলী মালিক সই করেছেন।'
ডক্টর সিং কাগজটা হাতে তুলে উল্টেপাল্টে দেখতে লাগলেন। সবাই নিশ্চুপ, কারও মুখে কথা নেই। পিন পড়া নৈঃশব্দ্য।

কয়েক মিনিট পরে হঠাৎ উঠে দাঁড়ালেন ডক্টর মণিচন্দ্র সিং। বললেন, ' চলো, যাই।'
' কোথায়? '
'পিসির বাড়ি। লোকালয়ের বাইরে, লোকতাক লেকের পাশে একটা টিলার উপর, একাই থাকতেন। অনেক আগে একবারই গেছিলাম। আমার জ্যাঠা কৈরেঙ সিংয়ের ছোট বোন, আসল নাম আশাংবি দেবী। তোমার দাদু ঠিকই বলেছেন, আমার পিসি আর বিয়ে করেননি। বলতেন, আমার বিয়ে হয়ে গেছে। আমার স্বামীকে দাদা ঠিক ধরে নিয়ে আসবে।'

মৈনাকের দিকে চেয়ে ম্লান হাসলেন মণিচন্দ্র, ' বেচারি আশা আন্টি! দাদা কি কম চেষ্টা করেছিলেন ভগ্নিপতিকে খুঁজে বের করতে? পারেননি। শেষ অব্দি হাল ছেড়ে দেন। তারপর... তারপর তিন বছর হয়ে গেছে, জ্যাঠাও আর নেই।'
' হাও ইস ইট পসিবল আঙ্কেল? ' গাম্বা বলে ওঠে, ' কৈরেঙ সিং ওয়াস দ্য চিফ মিনিস্টার অফ মণিপুর, মোস্ট পাওয়ারফুল পার্সন! আর মৈনাকের দাদু তো ওয়েস্ট বেঙ্গলেই সেটল করেছিলেন, তাকে খুঁজে বের করতে পারলেন না?'
' কী করে পারবেন মাই সন? ' ডক্টর সিং দীর্ঘশ্বাস ফেললেন। বললেন, ' মৈনাকের গ্র্যান্ডফাদার যে ব্রিটিশদের হাত ছাড়া পাওয়ার সময় নিজের নামটাকেই পাল্টে ফেলেছিলেন। এই যে, ভালো করে দ্যাখো।'

ওদের সামনে তুলে ধরলেন বিয়ের কাগজটা, 'এই বিয়ের কাগজে কী নামে তিনি সাইন করেছেন? এম কে সিং! নীচে পুরো নাম লেখা, এবং সেটাই ওনার আসল নাম -- মানব কিশোর সিং। তোমরা খেয়াল করোনি। নিশ্চয়ই সেসময় ওনার খোঁজ করা হয়েছিল, উনি ডিনাই করেছেন।'

ঝুপ করে ফের অখণ্ড নিস্তব্ধতা নেমে এল। মৈনাক ধপ করে বসে পড়েছে, দুহাত দিয়ে চোখ ঢেকেছে। লজ্জায়, অনুশোচনায় ও কুঁকড়ে যাচ্ছে, ভেঙে চুরমার হয়ে যাচ্ছে এক মানুষের লার্জার দ্যান লাইফ ইমেজ, ওর হিরো, ওর প্রিয়তম দাদুভাই।

' গেট আপ বেটা। ইউ আর নট রেস্পন্সিবল, তোমার কিছু করার নেই। মানুষের মন বড় জটিল, অনেক গ্রে শেড, বাইরে থেকে তল পাওয়া যায় না। চলো -- দেখি আন্টিকে পাই কিনা।'

জঙ্গলে ঢোকার মুখে ভাঙাচোরা কাঠের বাড়ি। হেলে পড়া বাইরের দরজায় জং ধরা তালা। আগাছায় ছেয়ে গেছে একফালি বাগান। খান চারেক বেড়াল খড়মড় করে পিছন দিকে পালিয়ে গেল।

' দ্যা এপিসোড ইস ওভার। ' ঠোঁট মুচড়ে বললেন ডক্টর মণিচন্দ্র সিং, ' আমাদের আর কিছু করার নেই। লেটস গো ব্যাক। '

একটু দূরেই আদিগন্ত জল আর জল। লোকতাক লেক। পড়ন্ত সূর্যের গোলাপি আলোয় অপার্থিব। সেদিকে তাকিয়ে বিড়বিড় করে উঠল মৈনাক, ' একবার লেকের কাছে চলুন প্লিস। এগুলো আর ফেরত নিয়ে যাব না। '

Avaani

Adwika

Arinjay

Mita

Oishiki

Ishan

Renisa

Accepting New Patients!

At Ellerslie Dental Studio our mission is to provide quality care for families throughout Edmonton. Our highly trained team provides the highest level of dedicated care with the newest technology and a smile behind it.

SERVICES OFFERED:

- ALL GENERAL DENTISTRY SERVICES
- CLEANINGS
- PERIODONTAL DISEASE MANAGEMENT
- IV SEDATION AND NITROUS
- CHILDREN'S DENTISTRY
- BOTOX
- WISDOM TOOTH REMOVAL AND ORAL SURGERY
- SNORING AND SLEEP APNEA TREATMENT
- ORTHODONTICS AND INVISALIGN
- CROWN AND BRIDGE
- COSMETIC DENTISTRY
- PROFESSIONAL WHITENING
- LASER DENTISTRY
- IMPLANTS

780-455-7645

Call us to book an appointment or request an appointment online

www.ellersliedentalstudio.com

DR. ASHIM GOSWAMI BMEDSC, DDS

Email: contact@ellerslieds.com

DIPESH C MISTRY

Barrister & Solicitor

PROUDLY
SERVING THE
BENGALI COMMUNITY

CALL US: 780.461.3224

SERVING EDMONTON
& SURROUNDING AREAS
FOR OVER 10 YEARS.

AVAILABLE FOR WEEKEND
& EVENING APPOINTMENTS

LEGAL SERVICES

REAL ESTATE PURCHASE
REAL ESTATE SALE
MORTGAGE FINANCING

WILLS & ESTATES
IMMIGRATION APPLICATIONS
IMMIGRATION APPEAL

INCORPORATION & CONTRACTS
DISPUTE RESOLUTION
NOTARY SERVICES

CONTACT US TODAY!

ADDRESS
Office Suite, 3307-89 Street NW
Edmonton, Alberta
T6K 2Z1

Office: 780.461.3224 Cell: 780-721-9853 Fax: 780-402-0213 dipesh@dcm-law.ca www.dcm-law.ca

WHOLESALE/RETAIL EAST INDIAN GROCERY, BEEF, GOAT, LAMB & CHICKEN

MILLWOODS GROCERY & HALAL MEAT INC.

9232 34 Ave NW, Edmonton, AB T6E 5P2

Phone: (780) 485-3504 | Fax: (780) 485-3502

Fish: Hilsa, Rohu, Boal, Katla and many more types available at unbeatable prices! Contact: Khawaja, Abdur-Rahmin

PIZZA 786

Located Inside: Millwoods Grocery Halal Meats

Phone: (780) 485-3510

Sun ! Mon "11:00 am ! 7:00 pm"
Wed ! Sat "11:00 am ! 8:00 pm"
Tue "Closed"


Pryco Global Inc.
6033-88 Street
Edmonton, AB T6E 6G4
Phone: 780-729-7325
Email: info@prycoglobal.com
Website: www.prycoglobal.com
Facebook: www.facebook.com/prycoglobal/
LinkedIn: www.linkedin.com/company/pryco-global-inc/
PRYCO
Increase efficiency, decrease cost.
Engineering, Project Management and Quantity Surveying Services
PRYCO
Increase efficiency, decrease cost.

HARVEST POINTE DENTAL

5019 Ellerslie Road SW, Edmonton
Ph: 780-466-9866

Opening Soon 2nd Location in
Tamarack & 17 Street

SMILE SOLUTIONS
DENTAL

Ph: 780-559-1111

We Offer all aspects of General Dentistry including Braces & Invisalign

"Creating Beautiful Smiles For Healthy Lifestyles"

Saminaz Collections
Your Only Destination
for
Graceful & Elegance

Saminaz Collections

1928 Tomlinson Crescent NW
Edmonton, AB T6R 2T5

saminanaz1928@yahoo.ca

(780) 439-5702
(780) 964-5701

facebook.com/SaminaZCollectionS

K.P. ACCOUNTING & TAX SERVICES

Kapil Sharma

Ruchi Sharma

Personal Income Tax Returns
GST & Corporate Returns | Financial Statements
Payroll | Business Accounting
Company Incorporations

#101 9133 35 Avenue NW, Edmonton, AB T6E 5Y1

Phone: 780-469-2677 / 780-466-2614
Fax: 780-469-2026
Email: kpaccounting@live.ca
www.kpaccounting.ca

Trusted Accounting
& Tax Services Inc.
Want to save Taxes?
If you answered "YES"
We are your solution
Services we provide
• Complete bookkeeping & accounting
• Payroll services, source deductions & T4's
• Business loan and finance
• Personal Tax Returns (T1)
• Corporate Tax Returns (T2)
• GST returns
• Small business setup advisor
• Assistance in new company incorporation
• Much More
Let our 20+ years of experience & expertise solve your problems.
CALL US:
780-217-1717
2814 Calgary Trail NW Edmonton, AB T6J 6V7
www.trustedaccounting.ca

BIG BILLYARD INSURANCE GROUP

HOME
BUSINESS
AUTO
LIFE

www.thebig.ca

Think BIG.
Insurance for Everything
We will shop your rates every year to make sure you have the best possible price for the coverage you need.

Contact Us Today for A Free Quote!

CONTACT: 780-200-8927 , T: 780-229-5762
HENA@THEBIG.CA
WWW.THEBIG.CA/HENA

Hena Roy
(INSURANCE BROKER)

Let's Meet and Talk

1. Learn how to **build royalty income** in the financial sector
2. Learn how to **become a franchise owner** in the financial sector
3. Learn how you can **create wealth** for you and family
4. Learn how to **take advantage** of financial services
   - **Income Protection** (Life, Critical Illness, Disability)
   - **Investments** (RRSP, RESP, FSHA, TFSA)
